

# কোয়াড নেতাদের শীর্ষ সম্মেলনে প্রধানমন্ত্রীর অংশগ্রহণ

20শে মে, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২০শে মে ২০২৩ এ জাপানের হিরোশিমায় অনুষ্ঠিত তৃতীয় কোয়াড লিডারস সামিটে অষ্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্টনি আলবানিজ, জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা এবং মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি জোসেফ বাইডেনের সাথে অংশ নেন।

ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের উন্নয়ন সম্পর্কে নেতৃবৃন্দ একটি ফলপ্রসূ সংলাপ করেছিলেন যা তাদের অভিন্ন গণতান্ত্রিক মূল্যবোধ এবং কৌশলগত স্বার্থকে নিশ্চিত করেছিল। একটি অবাধ, উন্মুক্ত এবং অন্তর্ভুক্তিমূলক ইন্দো-প্যাসিফিকের জন্য তাদের দৃষ্টিভঙ্গি দ্বারা পরিচালিত, তারা সার্বভৌমত্ব, আঞ্চলিক অখণ্ডতা এবং বিরোধের শান্তিপূর্ণ সমাধানের নীতিগুলি সমন্বিত রাখার গুরুত্ব পুনর্ব্যক্ত করেন। এই প্রেক্ষাপটে তারা কোয়াড লিডারস ভিশন স্টেটমেন্ট - ইন্দো-প্যাসিফিকের জন্য স্থায়ী অংশীদার" প্রকাশ করেছে যা তাদের নীতিগত দৃষ্টিভঙ্গি প্রকাশ করে।

ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের স্থিতিস্থাপকতা এবং সমৃদ্ধি জোরদার করার জন্য নেতৃবৃন্দ নিম্নলিখিত উদ্যোগগুলি ঘোষণা করেছেন যা এই অঞ্চলের উন্নয়ন অগ্রাধিকারের পরিপূরক হবে:

A. ক্লিন এনার্জি সাপ্লাই চেইন ইনিশিয়েটিভ যা গবেষণা ও উন্নয়নকে সহজতর করবে এবং ইন্দো-প্যাসিফিকের শক্তি রপ্তানরকে সমর্থন করবে। উপরন্তু, ক্লিন এনার্জি সাপ্লাই চেইনের কোয়াড নীতিগুলি ক্লিন এনার্জি সাপ্লাই চেইন উন্নয়নে এই অঞ্চলের সাথে সম্পৃক্ততা গাইড করার জন্য অনুমোদিত হয়েছিল।

B. 'কোয়াড ইনফ্রাস্ট্রাকচার ফেলোশিপ প্রোগ্রাম' এই অঞ্চলের নীতি নির্ধারক এবং অনুশীলনকারীদের তাদের দেশে টেকসই এবং কার্যকর অবকাঠামো নকশা, নির্মাণ এবং পরিচালনায় সহায়তা করবে।

C. 'পার্টনারশিপ ফর ক্যাবল কানেক্টিভিটি অ্যান্ড রেজিলিয়েন্স' এই গুরুত্বপূর্ণ নেটওয়ার্কগুলোকে সুরক্ষিত ও বৈচিত্র্যময় করার জন্য সমুদ্র তলদেশে ক্যাবলের নকশা, উত্পাদন, স্থাপন এবং রক্ষণাবেক্ষণে কোয়াডের সম্মিলিত দক্ষতাকে কাজে লাগাবে।

D. প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে প্রথম পালাউতে ছোট আকারের ORAN মোতামেনের জন্য কোয়াড সমর্থন। উন্মুক্ত, আন্তঃসংযোগযোগ্য এবং সুরক্ষিত টেলিকম প্ল্যাটফর্মগুলিতে শিল্প বিনিয়োগকে সমর্থন করার জন্য তারা ORAN সিকিউরিটি রিপোর্টও প্রকাশ করেছে।

E. কৌশলগত প্রযুক্তিতে বিনিয়োগের সুবিধার্থে বেসরকারি খাতের প্ল্যাটফর্ম হিসেবে কোয়াড ইনভেস্টরস নেটওয়ার্ক চালু করা হয়েছে।

F. নেতৃবৃন্দ গত বছর টোকিওতে তাদের শীর্ষ সম্মেলনে ঘোষিত সামুদ্রিক ডোমেন সচেতনতার জন্য ইন্দো-প্যাসিফিক অংশীদারিত্বের অগ্রগতিকে স্বাগত জানান। তারা উল্লেখ করেন যে এই কর্মসূচির আওতায় দক্ষিণ-পূর্ব ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অংশীদারদের সাথে ডেটা ভাগ করে নেওয়ার কাজ চলছে এবং শীঘ্রই ভারত মহাসাগরীয় অঞ্চলের অংশীদারদের অন্তর্ভুক্ত করা হবে। এই অঞ্চলের সঙ্গে চাহিদা-চালিত উন্নয়ন সহযোগিতার ক্ষেত্রে ভারতের দৃষ্টিভঙ্গি কীভাবে এই প্রচেষ্টায় অবদান রাখছে তা প্রধানমন্ত্রী তুলে ধরেন।

নেতৃত্ব জাতিসংঘ, এর সনদ এবং এর সংস্থাগুলির অথও তা সংরক্ষণের প্রয়োজনীয়তার বিষয়ে একমত হন।

স্বায়ী ও অস্বায়ী উভয় বিভাগে UNSC সদস্যপদ সম্প্রসারণসহ বহুপাক্ষিক ব্যবস্থাকে শক্তিশালী ও সংস্কারের প্রচেষ্টা অব্যাহত রাখার বিষয়ে তারা একমত হন।

প্রধানমন্ত্রী কোয়াদের গঠনমূলক এজেন্ডাকে সুসংহত করার এবং এই অঞ্চলের জন্য বাস্তব ফলাফল প্রদানের গুরুত্বের উপর জোর দেন। নেতৃত্ব তাদের নিয়মিত সংলাপ অব্যাহত রাখতে এবং কোয়াদের সম্পৃক্ততার গতি বজায় রাখতে সম্মত হন। এই প্রক্ষেপটে প্রধানমন্ত্রী ২০২৪ সালে পরবর্তী কোয়াদ শীর্ষ সম্মেলনে যোগ দিতে কোয়াদ নেতাদের ভারতে আমন্ত্রণ জানান।

**হিরোশিমা**

**২০শে মে, ২০২৩**